



স্মারক নং: বাঃ স্কাঃ (আন্তর্জাতিক-২৩৮/২০২৩)/২৪৭৪(৩২৫)/২০২৬

তারিখ: ২৫ ফেব্রুয়ারি ২০২৬

বিষয়: ২৬তম বিশ্ব স্কাউট জাম্বুরি, পোল্যান্ড ২০২৭-এ অংশগ্রহণের জন্য পুনরায় আবেদন আহ্বান।

বিশ্ব স্কাউট সংস্থা (WOSM) এবং পোলিশ স্কাউটিং এন্ড গাইডিং অ্যাসোসিয়েশন (ZHP) এর যৌথ আয়োজনে ২৬তম বিশ্ব স্কাউট জাম্বুরি পোল্যান্ডের গডান্স্ক শহরে অনুষ্ঠিত হবে। এই জাম্বুরির প্রতিপাদ্য হচ্ছে "ব্রেভলি!"। বিশ্ব স্কাউট জাম্বুরি প্রতি চার বছর অন্তর অনুষ্ঠিত স্কাউটদের বিশ্বের সর্ববৃহৎ সমাবেশ, যা শান্তি, ব্যক্তিগত বিকাশ, বন্ধুত্ব, দুঃসাহসিকতা ও সাংস্কৃতিক বিনিময়কে উৎসাহিত করে। এটি আমাদের স্কাউটদের জন্য বিশ্বমঞ্চে বাংলাদেশকে প্রতিনিধিত্ব করার একটি অনন্য সুযোগ। বাংলাদেশ স্কাউটস জাতীয় কন্টিনেন্ট গঠনের প্রক্রিয়া শুরু হয়েছে। এই ইভেন্টের মৌলিক তথ্য নিচে উল্লেখ করা হলো:

ইভেন্টের নাম	: The 26 th World Scout Jamboree, Poland 2027
তারিখ	: ৩০ জুলাই থেকে ৮ আগস্ট ২০২৭
স্থান	: Gdańsk, Poland
যোগ্যতা	: স্কাউট: ন্যূনতম স্ট্যান্ডার্ড ব্যাজধারী। স্কাউটদের জন্ম তারিখ অবশ্যই ৩০ জুলাই ২০০৯-এর পরে এবং ৩০ জুলাই ২০১৩-এর আগে হতে হবে (জাম্বুরির সময় বয়স ১৪ থেকে ১৭ বছরের মধ্যে)। ক্যাম্পিংয়ে পূর্ব অভিজ্ঞতা সম্পন্নরা অগ্রাধিকার পাবেন। : অংশগ্রহণকারীবৃন্দকে আগস্ট ২০২৭ এর পরে কমপক্ষে ৬ মাস মেয়াদসীমা বিশিষ্ট একটি বৈধ পাসপোর্ট থাকতে হবে, Schengen ভিসার জন্য যোগ্য হতে হবে, ইংরেজিতে যোগাযোগ করতে সক্ষম হতে হবে এবং প্রয়োজনীয় সকল কাজ সম্পাদনে প্রস্তুত থাকতে হবে।
ব্যয়	: রেজিস্ট্রেশন ফি: ১৬০০ PLN, এই রেজিস্ট্রেশন ফি- ক্যাম্পসাইট ফি, জাম্বুরি প্রোগ্রাম ও পরিবহন, জাম্বুরি চলাকালীন সকল খাবার, পোল্যান্ডের নির্ধারিত প্রবেশ/প্রস্থান পয়েন্ট থেকে পরিবহন, প্রাথমিক চিকিৎসা সেবা এবং একটি অংশগ্রহণ কিট (স্কার্ফ ও ব্যাজ) কভার করবে। এই রেজিস্ট্রেশন ফি পোল্যান্ডে যাওয়া-আসার বিমান ভাড়া, ব্যক্তিগত সরঞ্জাম (তাঁবু, স্লিপিং ব্যাগ), ব্যক্তিগত ট্রাভেল ইনসুরেন্স বা পূর্ব থেকে বিদ্যমান চিকিৎসাজনিত সমস্যার চিকিৎসা সেবা কভার করবে না। এই ইভেন্টে অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন ফি, বিমান ভাড়া, স্থানীয় যাতায়াত এবং ভিসা সার্ভিস ফি-সহ আনুমানিক ২,৫০,০০০.০০ টাকা (দুই লক্ষ পঞ্চাশ হাজার) মাত্র প্রয়োজন হতে পারে। বিমান ভাড়া ও মুদ্রা বিনিময় হারের ওঠানামার কারণে এই পরিমাণ পরিবর্তিত হতে পারে। অংশগ্রহণকারীদের নিজেদেরকে এই ইভেন্টে অংশগ্রহণ সংক্রান্ত সকল ব্যয় বহন করতে হবে এবং বাংলাদেশ স্কাউটসের কোনো আর্থিক সম্পৃক্ততা থাকবে না। আঞ্চলিক সদর দফতরের সুপারিশের আলোকে, বাংলাদেশ স্কাউটস কমবেশী ০৯ জন স্কাউটের জন্য আংশিক আর্থিক সহায়তা (the Solidarity Operation) প্রদান করবে। বিভিন্ন অ্যাওয়ার্ডপ্রাপ্ত, আর্থিকভাবে অসচ্ছল ও গ্রামীণ অঞ্চলের স্কাউটরা এই সহায়তা পাওয়ার ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন।

Adm



ইভেন্টের কার্যক্রম ও বিশেষ নির্দেশনা :	ইভেন্টের আন্তর্জাতিক প্রকৃতি ও পরিধি বিবেচনায় নির্বাচন প্রক্রিয়া প্রতিযোগিতামূলক হবে। যেসকল স্কাউটের ক্যাম্প অংশগ্রহণ, নেতৃত্বের গুণাবলী, সুস্বাস্থ্য এবং স্কাউটিংয়ের মূলনীতির প্রতি দৃঢ় প্রতিশ্রুতি রয়েছে, তাদের অগ্রাধিকার দেওয়া হবে। তরুণ অংশগ্রহণকারী ব্যতীত আইএসটি/প্রাপ্তবয়স্কদের আবেদন নিরুৎসাহিত করা হচ্ছে। এই ক্যাম্পে প্রতিটি প্যাট্রোল ১ জন দায়িত্বশীল প্রাপ্তবয়স্ক প্যাট্রোল লিডার ও ৯ জন স্কাউট নিয়ে গঠিত হবে। বাংলাদেশ স্কাউটস জাতীয় সদর দফতর নির্বাচিত আবেদনকারীদের থেকে এই প্যাট্রোল গঠন করবে। জাম্বুরি সম্পর্কে আরও বিস্তারিত জানতে অফিসিয়াল ওয়েবসাইট দেখুন: https://www.jamboree2027.org
আবেদন জমা :	আগ্রহী আবেদনকারীদের সঠিকভাবে পূরণকৃত আবেদনপত্র (প্রয়োজনীয় নথির ফটোকপিসহ) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট অঞ্চলের সুপারিশসহ বাংলাদেশ স্কাউটসের জাতীয় সদর দফতরে ১৫ মার্চ ২০২৬-এর মধ্যে পাঠানোর জন্য অনুরোধ করা যাচ্ছে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত কোনো আবেদন বাংলাদেশ স্কাউটস গ্রহণ করবে না। এই বিজ্ঞপ্তি এবং আবেদনপত্র বাংলাদেশ স্কাউটস এর ওয়েবসাইটে পাওয়া যাবে: www.scouts.gov.bd


২০২৬/২৬
(উনুচিং)
নির্বাহী পরিচালক
বাংলাদেশ স্কাউটস

বিতরণ:

- ১। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল।
- ২। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা।
- ৩। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি:

- ১। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস।
- ২। উপ-প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস।
- ৩। কোষাধ্যক্ষ, বাংলাদেশ স্কাউটস।
- ৪। সভাপতি/কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল।
- ৫। সভাপতি, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা। 